12

দৈনিক ইত্তেফাক

তারিখ 03 NOV 1994
পৃষ্ঠা ১ কলাম ৭

# এস এস সি প্রাইভেট পরীক্ষার্থীদের ভোগান্তি

**রেজানুর রহমান** ।। এসএসসি পরীক্ষার ক্ষেত্রে প্রাইভেট পরীক্ষার্থীদের জন্য নূতন নিয়ম ঘোষিত হওয়ায় জটিলতা দেখা দিয়াছে। কয়েকদিন পূর্বে শিক্ষা মন্ত্রণালয় তথ্য বিবরণীর মাধ্যমে ঘোষণা করিয়াছে, '৪টি শিক্ষা বোর্ডের অধীনে যে কোন অনুমোদিত উচ্চ বিদ্যালয় হইতে যে সকল ছাত্র-ছাত্রীর নাম রেজিষ্ট্রেশন করা হইয়াছে, অথবা যাহাদের

(১১শ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## প্রাইভেট পরীক্ষার্থী

(১ম পৃঃ পর)

রেজিষ্ট্রেশন মেয়াদ উত্তীর্ণ হইয়াছে কেবল তাহারাই এস, এস, সি পরীক্ষার নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে প্রাইভেট পরীক্ষার্থী হিসাবে চূড়ান্ত পরীক্ষায় অংশ নিতে পারিবে। তবে তাহাদের মূল রেজিষ্ট্রেশন সার্টিফিকেট আবেদনপত্রের সহিত সংশ্লিষ্ট বিদ্যালয়ে জমা দিতে হইবে।

সরকারের এই নূতন সিদ্ধান্তের ফলে সংশ্লিষ্ট স্কুলের খেয়াল খুশীর কারণে উচ্চ ফি দিয়া আবেদনপত্র সংগ্রহ করার পরও কয়েক হাজার ছাত্র-ছাত্রী এইবার প্রাইভেটে এস, এস,সি পরীক্ষা দিতে পারিবে না।

জানা গিয়াছে সকল স্কুল প্রাইভেট ছাত্র-ছাত্রীদের এস,এস,সি পরীক্ষায় অংশগ্রহণ করাইতে পারে না। বোর্ড হইতে স্কুলের নাম নির্ধারণ করিয়া দেওয়া হয়। বোর্ডের এই তালিকায় নাম অন্তর্ভুক্ত করাইতেও দেনদরবার করিতে হয়। নিয়ম অনুযায়ী সংশ্লিষ্ট স্কুল প্রাইভেট পরীক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষা গ্রহণ করার কথা। অনেকাংশে এই নিয়ম মানা হয় না।

তবে পরীক্ষা গ্রহণ বাবদ ফি গ্রহণ করা হয়। ইতিপূর্বে ৮ম শ্রেণীর পাস সার্টিফিকেট সংশ্লিষ্ট স্কুলে জমা দিয়া বোর্ডের নিয়ম মানা সাপেক্ষ প্রাইভেট পরীক্ষা দেওয়ার সুযোগ ছিল। ফলে কোন প্রকারে ৮ম শ্রেণী পাসের সার্টিফিকেট সংগ্রহ করিয়া প্রাইভেট পরীক্ষা দিয়াছে অনেকে। পাশও করিয়াছে। এমনও ঘটনা ঘটিয়াছে ছাত্র অথবা ছাত্রী নবম শ্রেণীতেপড়ে। অথচ ৮ম শ্রেণীপাসের সার্টিফিকেট সংগ্রহ করিয়া সে এক বছর পূর্বেই প্রাইভেট পরীক্ষার্থী হিসাবে পরীক্ষায় অংশ নিয়া যথারীতি উত্তীর্ণ হইয়াছে। সরকার নূতন নিয়ম চালু করায় সংশ্লিষ্ট স্কুল কিছুটা সমস্যায় পড়িয়াছে। ছাত্র-ছাত্রীদের মধ্যে পূর্বের নিয়মেই আবেদনপত্র সরবরাহ করা হইয়াছিল। রশিদ ছাড়াই কোন স্কুল দুইশত, কোন স্কুল তাহারও বেশী অর্থ আদায় করিয়াছে প্রতিটি আবেদন পত্রের জন্য। এই আবেদন পত্র জমা দিতে গিয়া ছাত্র-ছাত্রীরা বিপাকে পড়িয়াছে। স্কুলে তাহাদের আবেদনপত্র জমা নেওয়া হইতেছে না। ঘটনার প্রতিবাদে ভুক্তভোগী ছাত্র-ছাত্রীরা আজ (বৃহস্পতিবার) সকাল ১০টায় ভিক্টোরিয়া পার্কে সমাবেশ আহ্বান করিয়াছে।

আমাদের রাজবাড়ী সংবাদদাতা জানান, এস, এস,সি প্রাইভেট পরীক্ষার পূর্বের নিয়ম বহাল রাখা ও নূতনভাবে ঘোষিত নিয়ম বাতিলের দাবীতে গতকাল প্রায় এক হাজার পরীক্ষার্থী বিক্ষোভ মিছিল করিয়া জেলা প্রশাসকের অফিস ৫টি সরকারী গাড়ী ও শহরের ৩টি উচ্চ বিদ্যালয়ের উপর হামলা চালায়। পৌরসভা কার্যালয়ে চড়াও হইলে সংশ্লিষ্ট কর্মচারীরা ধাওয়া করিয়া তাহাদের তাড়াইয়া দেয়। জানা যায়, অষ্টম শ্রেণী পাস এইসব ছেলে প্রাইভেট এসএসসি পরীক্ষা দেওয়ার আশায় পূর্বের নিয়ম অনুযায়ী পরীক্ষার ফরম পূরণ করে। কিন্তু গত সোমবার (৩০শে অক্টোবর) শিক্ষাবোর্ড পুরাতন নিয়ম বাদ দিয়া শুধু রেজিষ্ট্রেশনকৃত ছাত্র-ছাত্রীরা প্রাইভেট পরীক্ষা দিতে পারিবে বলিয়া ঘোষণা দেওয়ায় ফরম পূরণকারী পরীক্ষার্থীদের ভবিষ্যৎ অনিশ্চিত হইয়া পড়িয়াছে।